

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩
“পল্লী ভবন”

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

ফোনঃ ০২-৮১৮০০৪০-৪১

Website: www.prdp-brdb.gov.bd

পত্র নং - ৪৭.৬২.০০০০.৯০৬.২৬.০৩০.১৬-৫৮৩

তারিখঃ ২২/০১/২০১৯ খ্রিঃ

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

..... উপজেলা,

..... জেলা।


বিষয়ঃ বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী স্কীম বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতায় বাস্তবায়নাধীন অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (পিআরডিপি-৩) এর কার্যক্রম ৬৪ টি জেলার ২০০ উপজেলার ৬০০ টি ইউনিয়নে জুলাই'২০১৫ থেকে জুন'২০২০ মেয়াদে সম্প্রসারিত আকারে বাস্তবায়িত হচ্ছে। সূচনালগ্ন থেকে পিআরডিপি (লিংক মডেল) বিআরডিবি'র একটি সফল প্রকল্প হিসেবে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের মাঠ পর্যায়ে সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রকল্প সদর দপ্তর থেকে বাস্তবায়ন নীতিমালা সরবরাহ করা হয় এবং উক্ত বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী মাঠ পর্যায়ে প্রকল্প কার্যক্রম পরিচালনার নির্দেশ প্রদান করা হয়।

কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় উপজেলায় প্রকল্প বাস্তবায়ন নীতিমালা যথাযথ অনুসরণ না করে শুধুমাত্র ধর্মীয় প্রতিষ্ঠানে (মসজিদ, মন্দির, কবরস্থান) স্কীম বাস্তবায়নে বেশি আগ্রহ দেখাচ্ছে। এতে করে প্রকল্পের প্রকৃত উদ্দেশ্য ব্যাহত হচ্ছে। যা কাম্য নয়।

এমতাবস্থায়, প্রকল্পের বাস্তবায়ন নীতিমালা যথাযথ অনুসরণপূর্বক বরাদ্দ অনুযায়ী শুধুমাত্র ধর্মীয় প্রতিষ্ঠানে স্কীম বাস্তবায়ন না করে উল্লিখিত স্কীমের প্রকার ও ধরণ অনুযায়ী সমহারে স্কীম বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

এ আদেশ প্রকল্পের স্বার্থে জারী করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।




মোঃ আবু সালেক
প্রকল্প পরিচালক

পত্র নং - ৪৭.৬২.০০০০.৯০৬.২৬.০৩০.১৬-৫৮৬

তারিখঃ ২২/০১/২০১৯ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। এআরডিও/ইউডিও, বিআরডিবি, পিআরডিপি-৩..... উপজেলা, জেলা।
- ২। উপপরিচালক, বিআরডিবি, জেলা (সকল)।
- ৩। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৫। অফিস কপি।



সেখ আমিনুর ইসলাম
উপপরিচালক